গঙ্গা বিপদসীমা পেরোল হরিদ্বারে

হরিদ্বার, ২৭ আগস্ট : গঙ্গা রবিবার সকালে হরিদ্বারে বিপদসীমা পেরোল। গঙ্গা বিপজ্জনক হয়ে ওঠায় শহরে কড়া সতর্কতা জারি হয়েছে। প্রসঙ্গত, গত কয়েকদিন ধরেই উত্তরাখণ্ডে ভারী বৃষ্টি হচ্ছে। ফলে গঙ্গার জলস্তরও ক্রমশ বাড়ছে। রবিবার হরিদ্বারে জলস্তরের পরিমাপ করে দেখা যায় তা ২৯৩.২৫ মিটার উপর দিয়ে বইছে। বিপদসীমা ২৯৩ মিটার। এরপরই জারি হয় কড়া সতর্কতা। গত সপ্তাহের মতো চলতি সপ্তাহেও হরিদ্বার এবং হৃষিকেশে প্রবল বৃষ্টির ফলে প্রচুর ধস নামে। পাহাড়ি নদীগুলি ক্রমশ ফুলে-ফেঁপে উঠতে থাকে। উত্তরাখণ্ডে আসা তীর্থযাত্রী পর্যটকদের সঙ্গে সঙ্গে স্থানীয় মানুষকেও সতর্ক করে দেওয়া হয়েছে। গঙ্গার তীরে গ্রামগুলির বাসিন্দাদের সরিয়ে নেওয়া হচ্ছে নিরাপদ স্থানে। গঙ্গা ছাড়াও মালান, সিখরো, খো এবং কুলু নদীও বিপদসীমার উপর দিয়ে বইছে। ফলে ওইসব অঞ্চলের অবস্থা ক্রমশ খারাপ হচ্ছে। এই সময় চার ধামে যান প্রচুর তীর্থযাত্রী। উত্তরাখণ্ডের বৃষ্টির কারণে এবং গঙ্গার জলস্তর ক্রমশ বাড়তে থাকায় তাঁদের সতর্ক করা হয়েছে। প্রয়োজন হলে জরুরি ভিত্তিতে তীর্থযাত্রী, পর্যটক ও স্থানীয় বাসিন্দাদের নিচে নামিয়ে আনার কাজ যাতে দ্রুত শুরু করা যায়, সেই ব্যবস্থাও তৈরি রাখা হচ্ছে। তাঁরা যাতে বিপাকে না পড়েন সেজন্যই এই বন্দোবস্ত।

মেহুল চোকসিকে গ্রেফতার করতে চায় সিবিআই, বিদেশ মন্ত্রক মারফত অ্যান্টিগা সরকারকে চিঠি



নয়াদিল্লি, ২৭ আগস্ট : কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা সিবিআই দেশ থেকে পলাতক হিরে ব্যবসায়ী মেহুল চোকসিকে গ্রেফতার করতে বিদেশ মন্ত্রকের শরণাপন্ন হল। মন্ত্রকের মাধ্যমে তাঁরা চিঠি লিখেছে অ্যান্টিগা সরকারকে। অ্যান্টিগা সরকার যাতে চোকসিকে দিল্লির হাতে সমর্পণ করে, সেটাই চাইছে সিবিআই। যদিও অ্যান্টিগার সঙ্গে প্রত্যর্পণ চুক্তি না থাকায় তারা চোকসিকে দিল্লির হাতে তুলে দেবে কি না, তা নিয়ে যথেষ্ট সন্দেহ আছে।

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক থেকে বিপুল পরিমাণ অর্থ হাতিয়ে নিয়ে নীরব মোদী ও মেহুল চোকসি, দুই গহনা ও হিরে ব্যবসায়ী দেশ ছেড়েছে। প্রথমে তাদের কোনও সন্ধান পাওয়া যায়নি। তবে এখন জানা গেছে, চোকসি ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জের অ্যান্টিগায় এবং মোদী লন্ডনে আশ্রয় নিয়েছে। তাদের দু'জনকেই দেশে ফিরিয়ে আনতে চায় সিবিআই। সেই কারণে তারা সবরকম চেষ্টাও শুরু করেছে।

অ্যান্টিগা দ্বীপপুঞ্জ থেকে মেহুল চোকসিকে ফিরিয়ে আনার জন্য ওই দ্বীপরাষ্ট্রেরই শরণাপন্ন হচ্ছে দিল্লির। ওই আইনে কোনও দেশের সঙ্গে প্রত্যর্পণজনিত চুক্তি না থাকলেও কমনওয়েলথভুক্ত দেশগুলির মাধ্যমে অপরাধীকে ফিরিয়ে আনা যায়। অ্যান্টিগা সরকারকে সম্প্রতি সিবিআই যে চিঠি দিয়েছে, তাতে সিবিআই রেড কর্নার নোটিসের দাবি উড়িয়ে দিয়েছে। সিবিআইয়ের দাবি, অপরাধী কোথায় রয়েছে তা যখন জানা গেছে তখন আর এই নোটিসের প্রয়োজন নেই। চোকসি অ্যান্টিগার নাগরিকত্ব গ্রহণ করেছে। সিবিআই চায়, অ্যান্টিগার প্রশাসন তাঁকে গ্রেফতার করুক এবং প্রক্রিয়া মেনে ভারতের হাতে চোকসিকে তুলে দেওয়া হোক। সিবিআই অ্যান্টিগা সরকারকে দেওয়া চিঠিতে রেড কর্নার নোটিসের কেন প্রয়োজন নেই তা ব্যাখ্যা করে বুঝিয়েছে, দিল্লিতে এই গোয়েন্দা সংস্থার এক মুখপাত্র বলেছেন, অ্যান্টিগা সরকার এর আগে জানতে চেয়েছিল কেন তার বিরুদ্ধে দিল্লি রেড কর্নার নোটিস জারি করছে না। এছাড়া অ্যান্টিগা সরকার যে চোকসিকে দিল্লির হাতে তুলে দিতে মোটেই ইচ্ছুক ছিল না তাও আমরা আগেই জানি। কারণ ভারতের সঙ্গে তাদের এমন কোনও চুক্তি নেই যা চোকসিকে ভারতে ফেরত পাঠাতে বাধ্য করতে পারে।

প্রসঙ্গত, চলতি মাসের গোড়ায় ভারত অ্যান্টিগাকে অনুরোধ করে মেহুল চোকসিকে তাদের হাতে তুলে দিতে। ভারতের বৃহত্তম ব্যাঙ্কিং প্রতারণার সঙ্গে জড়িত চোকসি ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জের নাগরিকত্ব লাভ করেছে জানার পরই এই অনুরোধ করা হয়। বিদেশ মন্ত্রকের একদল অফিসার এবং একাধিক গোয়েন্দাকে অ্যান্টিগাতে পাঠানো হয়। তারা চোকসিকে দিল্লির হাতে তুলে দেওয়ার জন্য অনুরোধ করেন। অ্যান্টিগা সরকারের কাছে চোকসির বিরুদ্ধে দেশে যেসব মামলা চলছে, সেগুলির কথাও বলেন। যদিও অ্যান্টিগা সরকার এর উত্তরে কোনও কথাই বলেনি।

প্রসঙ্গত, ২০১৭ সালের নভেম্বরে চোকসিকে অ্যান্টিগা তার নাগরিকত্ব দিয়েছে বলে জানা যায়। কিন্তু এ সম্পর্কে ভারতকে কোনও কিছুই জানায়নি তারা। অ্যান্টিগার নিয়ম হল, কেউ অপরাধী না হলে নাগরিকত্বের জন্য আবেদন করলে তাকে নাগরিক করে নেওয়া হয়। কিন্তু মেহুল চোকসির ঘটনা যে পুরোপুরি সত্য নয় তা ভারতীয় গোয়েন্দারা অ্যান্টিগা সরকারকে বুঝিয়েছে বিদেশ মন্ত্রকও। তাতেও কাজ না হওয়ায় এবার মেহুল চোকসিকে সে দেশেই গ্রেফতার করার জন্য সিবিআই শরণাপন্ন হয়েছে বিদেশ মন্ত্রকের। তাদের মাধ্যমেই অ্যান্টিগা সরকারকে রাজি করিয়ে দেশে ফিরিয়ে আনতে চায় সিবিআই।

বিদেশ মন্ত্রক ও ভারতীয় দূতাবাসগুলির মাধ্যমে ত্রাণ সংগ্রহের নির্দেশ সুষমার

নয়াদিল্লি/লাওস, ২৭ আগস্ট : বিদেশমন্ত্রী সুষমা স্বরাজ তাঁর মন্ত্রক এবং বিভিন্ন ভারতীয় দূতাবাসকে বিশ্বজুড়ে ভারতীয়রা যেভাবে বানভাসি মানুষের পাশে দাঁড়াচ্ছেন তার ভূয়সী প্রশংসা করে বলেছেন, যদি অনাবাসী ভারতীয়রা বিশ্বের কোথাও তাঁর নিজের দেশের মানুষের জন্য ত্রাণ নিয়ে এগিয়ে আসেন অথবা কোনওরকম বিপদে পড়েন সেক্ষেত্রে ভারত সরকার তাদের রক্ষা করবে। সুষমা আরও বলেন, আগে বিদেশ মন্ত্রক কখনও এ ধরনের দায়িত্ব পালন করত না। কিন্তু এখন সব দূতাবাসকেই দেশের নাগরিকদের সম্পর্কিত বিষয়গুলিকে অগ্রাধিকার দেওয়ার কথা বলা হয়েছে। যেসব বিষয়কে দূতাবাসগুলি একেবারেই গুরুত্ব দিত না, এখন সেইসব বিষয়কে সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে। সুষমা এখন ভিয়েতনাম সফর করছেন। সেখানে এক অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে সুষমা বলেছেন, প্রধানমন্ত্রী অনাবাসী ভারতীয়দের নানাভাবে গর্বিত করেছেন আর বিদেশ মন্ত্রক তাদের আত্মবিশ্বাসী করে তুলতে চায়।

Kothari Group
Imagine Inspire Deliver

কোঠারি ফাইটোকেমিক্যালস অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেড

রেজিঃ অফিস: সি-৪, গিলান্ডার হাউস, ৮ নেতাজি সুভাষ রোড, কলকাতা-৭০০ ০০১
PHONE : (033) 2230 2231 (6 LINES), CIN:L15491WB1897PLC001365
Email ID: hokothari@yahoo.com, Website-www.kothariphyto.com

১২২তম বার্ষিক সাধারণ সভার বৈঠক, রিমোট ই-ভোটিংয়ের তথ্য এবং বই বন্ধের বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ২০১৩ সালের কোম্পানি আইনের ১০৮ ধারা অনুসারে এবং এর সঙ্গে পঠনীয় রুল ২০ অফ দি কোম্পানিজ (পরিচালন এবং প্রশাসন রুলস) ২০১৪ অনুসারে সদস্যদের ইলেকট্রনিক ভোটিং ব্যবস্থা (ই-ভোটিংয়ের মাধ্যমে) সদস্যদের কাছে ১২২তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি পাঠানো হয়েছে যা অনুষ্ঠিত হবে ইন্ডিয়ার চেম্বার অফ কমার্স, অডিটোরিয়াম, ৪ ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, ১১তম তল, কলকাতা-৭০০০০১ ঠিকানায় বৃহস্পতিবার ২০ সেপ্টেম্বর ২০১৮ তারিখে সকাল ১১টায়।

২০১৩ সালের কোম্পানি আইনের ৯১ ধারা এবং এর সঙ্গে পঠনীয় রুল ১০ অফ কোম্পানিজ (পরিচালন এবং প্রশাসন) রুলস ২০১৪ এবং রেগুলেশন ৪২ অফ সেবি (ক্ষেত্রীয় দায় এবং ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে এবং শেয়ার ট্রান্সফার বুক ও রেজিস্ট্রার অফ মেম্বার বন্ধ থাকবে ১৪ সেপ্টেম্বর ২০১৮ তারিখ থেকে ২০ সেপ্টেম্বর ২০১৮ তারিখ (উভয়দিন সহ) পর্যন্ত বন্ধ থাকবে লভ্যাংশ প্রদানের কারণে যা ইতিমধ্যেই ঘোষিত হয়েছে।

কোম্পানি ১২২তম বার্ষিক সাধারণ সভার বৈঠকের বিজ্ঞপ্তির সঙ্গে যোগদানের স্লিপ, প্রক্সি ফর্ম এবং বার্ষিক প্রতিবেদন ৩১ মার্চ ২০১৮ তারিখে সমাপ্ত বছরের পাঠিয়ে দেওয়া হয়েছে ২৫ আগস্ট ২০১৮ তারিখে। উক্ত বার্ষিক সাধারণ সভার বৈঠকের বিজ্ঞপ্তি, যোগদানের স্লিপ এবং প্রক্সি ফর্ম কোম্পানির ওয়েবসাইট :www.kothariphyto.com -এ পাওয়া যাবে।

১. ২০১৩ সালের কোম্পানি আইনের ১০৮ ধারা এর সঙ্গে পঠনীয় রুল ২০ অফ কোম্পানিজ (পরিচালন এবং প্রশাসন) রুলস ২০১৪ এবং বিভিন্ন সময়ে সংশোধিত রেগুলেশন ৪৪ অফ সেবি (ক্ষেত্রীয় দায় এবং ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে ই-ভোটিংয়ের সুবিধা প্রদান করেছে তারিখ অনুসারে। ইলেকট্রনিক ভোটিং ব্যবস্থার মাধ্যমে ভোটাধিকারের সুবিধা দেওয়া হয়েছে ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটারি লিমিটেড (এনএসডিএল)-এর মাধ্যমে। এজেন্সির তরফ থেকে ই-ভোটিংয়ের সুবিধা প্রদান করা হয়েছে। এ ব্যাপারে সিএস অশোক কুমার দাগা, প্র্যাকটিসিং কোম্পানি সেক্রেটারি (এফসিএস-২৬৯৯)কে স্ক্রুটিনাইজার হিসাবে নিযুক্ত করা হয়েছে রিমোট ই-ভোটিং ব্যবস্থা ও ব্যালট পেপারের মাধ্যমে ভোটিং প্রক্রিয়াকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য। বিস্তারিত বিবরণী/শর্তাবলী রিমোট ই-ভোটিংয়ের ক্ষেত্রে বিজ্ঞপ্তির সঙ্গে পাঠিয়ে দেওয়া হয়েছে। এক্ষেত্রে যে সদস্যদের আরও জানানো হচ্ছে যে, রিমোট ই-ভোটিং প্রক্রিয়া শুরু হবে সোমবার ১৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখে সকাল ৯টায় এবং শেষ হবে বুধবার ১৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখে বিকেল ৫টায়।

২. রিমোট ই-ভোটিং প্রক্রিয়া বুধবার ১৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখে বিকেল ৫টার পরে বৈধ বলে গণ্য করা হবে না।

৩. ই-ভোটিংয়ের পাশাপাশি বার্ষিক সাধারণ সভার বৈঠকে ব্যালট পেপারের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করা যাবে।

৪. একজন সদস্য যিনি রিমোট ই-ভোটিং প্রক্রিয়ার মাধ্যমে বার্ষিক সাধারণ সভার বৈঠকের আগে ভোট দিয়েছেন তিনি বৈঠকে যোগদান করতে পারবেন কিন্তু ভোট দিতে পারবেন না।

৫. একজন ব্যক্তি যার নাম রেজিস্ট্রার অফ মেম্বারে বেনিফিসিয়াল ওনার হিসেবে চিহ্নিত হয়েছে, কাট অফ তারিখের পূর্বে অর্থাৎ ১৩ সেপ্টেম্বর ২০১৮ বা তার পূর্বে নথিভুক্ত হয়েছে তিনি বার্ষিক সাধারণ সভার বৈঠকে যোগ দিতে পারবেন।

৬. একজন ব্যক্তি যিনি কোম্পানির শেয়ার কাট অফ তারিখের পরে অধিগ্রহণ করেছেন সেই সমস্ত ব্যক্তি কোম্পানির বেনিফিসিয়াল ওনার হিসাবে চিহ্নিত হবেন এবং বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার পূর্বে লগিং আইডি এবং পাসওয়ার্ড জমা করাতে পারেন evoting@nsdl.co.in or mldaga1957@yahoo.co.in/mdpldc@yahoo.com-এ। এছাড়াও একজন ব্যক্তি ইতিমধ্যেই এনএসডিএলে নথিভুক্ত হয়ে থাকলে তিনি তাঁর পাসওয়ার্ড এবং আইডি ভোট দেওয়ার জন্য পাঠাতে পারেন।

৭. ১২২তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি এবং বার্ষিক প্রতিবেদন পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট :www.kothariphyto.com -এ পাওয়া যাবে। এছাড়াও ইলেকট্রনিক ভোটিং প্রক্রিয়ার মাধ্যমে ১২২তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি ইলেকট্রনিক ভোটিংয়ের ফ্রিকোয়েন্টলি আস্কড কোয়েশ্চেন এবং ই-ভোটিংয়ের ইউজার ম্যানুয়াল ওয়েবসাইটের ডাউনলোড সেকশন www.evoting.nsdl.com এবং evoting@nsdl.co.in-এর মাধ্যমে অথবা যোগাযোগ করতে পারেন টোল ফ্রি নম্বর-১৮০০২২২৯৯০ নম্বরে।

কোঠারি ফাইটোকেমিক্যালস অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেডের পক্ষে
স্থান : কলকাতা
মদনলাল দাগা
তারিখ : ২৭.৮.২০১৮
কোম্পানি সেক্রেটারি কাম কমপ্লায়েন্স অফিসার

রোহতকের গুরুকুলেই এবার পুরনো ছাত্রদের বিরুদ্ধে সমকামিতার অভিযোগ

রোহতক, ২৭ আগস্ট : হরিয়ানার রোহতকে একটি গুরুকুলের ৬ ছাত্র এবার সেখানকার পুরনো ৭ ছাত্রের বিরুদ্ধে সমকামিতার অভিযোগ করল। অভিযুক্ত ছাত্রদের বিরুদ্ধে একটি মামলা দায়ের করা হয়েছে। পুলিশ তদন্তও শুরু করেছে। গুরুকুলের যেসব ছাত্র সমকামিতার অভিযোগ এনেছে, তাদের মেডিক্যাল পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। দেশের বিভিন্ন স্থানে এর আগে এই ধরনের অভিযোগ উঠেছে। একাধিক ধর্মগুরুও যৌন সংসর্গ বা সমকামিতার অভিযোগে জেল খাটছেন। তবে কোনও গুরুকুলে এ ধরনের অভিযোগ সম্ভবত এই প্রথম।

ছাত্ররা অভিযোগ করেছে, গত প্রায় ১০ দিন ধরে ওই গুরুকুলের পুরনো ছাত্ররা তাদের উপর যৌন উৎপীড়ন করেছে। তারা যখন হস্টেলে ঘুমিয়ে থাকে, সেই সময় তাদের প্রতি এই ধরনের অসৎ আচরণ করা হয় বলেও অভিযোগ করেছে তারা। গুরুকুলের যেসব ছাত্র অভিযোগ করেছে তারা মূলত পঞ্চম থেকে সপ্তম শ্রেণির ছাত্র। গুরুকুলের ষষ্ঠ শ্রেণির একটি ছাত্র মামলা দায়ের করেছে সপ্তম শ্রেণির ৭ ছাত্রের বিরুদ্ধে। পকসো আইনে এই মামলাটি দায়ের করা হয়েছে। শুধু ছাত্রদের বিরুদ্ধেই নয়, গুরুকুলের পরিচালন পর্ষদের বিরুদ্ধেও দায়ের করা হয়েছে একটি মামলা। কারণ তাঁরাও এই ঘটনায় জড়িত বলে অভিযোগ ছাত্রদের। ষষ্ঠ শ্রেণির ছাত্রদের তরফে মামলা দায়ের করে অভিযোগ করা হয়েছে, তারা প্রথমেই গুরুকুলের কর্তৃপক্ষের কাছে অভিযোগ জানাতে গিয়েছিলেন। কিন্তু গুরুকুল কর্তৃপক্ষ অভিযুক্তদের একজনকেও কিছু না বলে পাল্টা তাদেরই শাস্তি দেন। ফলে তারা মামলা করতে বাধ্য হয়েছে।

ঘটনাটি প্রকাশ্যে এসেছে রক্ষা বন্ধনের দিন। ওই দিন ছোট ছোট ছাত্ররা বাড়ি যায়। সেখানে পরিবারের সদস্যদের তারা সব কথা খুলে বলে। গুরুকুলে তারা কী ধরনের যৌন উৎপীড়নের মুখোমুখি হচ্ছে, সেকথাও খুলে বলেন। ছেলেদের কাছ থেকে সব কথা জানার পর অভিভাবকরা থানায় যান। গুরুকুল কর্তৃপক্ষের এবার টনক নড়েছে। অভিভাবকরা থানায় যাওয়ার পরই ছাত্রদের আশ্বাস দিয়ে তারা অপরাধীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার কথা বলেছেন। যদিও পুলিশ স্বতঃপ্রণোদিত হয়ে গুরুকুলের পরিচালন কর্তৃপক্ষের বিরুদ্ধে একটি মামলা দায়ের করেছে। জানা গেছে, এই গুরুকুলটি তৈরি হয়েছে ১৯৯১ সালে। সেখানে ছাত্র সংখ্যা ১৬০। মূলত দিল্লি, উত্তর প্রদেশ এবং হরিয়ানা থেকে ছাত্ররাই এই গুরুকুলে যায়।

মুসৌরি-নৈনিতাল রেল যোগাযোগ

রোহতক, ২৭ আগস্ট : উত্তরাখণ্ডের নৈনিতাল জেলার কাঠগুদাম থেকে দেহরাদুনের মুসৌরি পর্যন্ত একটি নতুন ট্রেন চালু করল ভারতীয় রেল। এই ঘটনা নিঃসন্দেহে ভারতীয় রেলের ইতিহাসে বড় মাপের সংযোজন। কাঠগুদাম-দেহরাদুন নৈনি-দুন জনশতাব্দী এক্সপ্রেস সপ্তাহে ৫ দিন চলাচল করবে। দিল্লির রেলভবন থেকে রেল ও কয়লামন্ত্রী পীযূষ গোয়েল ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই অনুষ্ঠানে এই নতুন রেলের উদ্বোধন করেন। গোয়েল ছাড়াও অনুষ্ঠানে ছিলেন রেল বোর্ডের চেয়ারম্যান অশ্বিনী লোহানি, ট্রাফিক রেল বোর্ডের সদস্য গিরিশ পিল্লাই এবং অন্যান্য প্রবীণ সদস্যরা। নয়া ট্রেনের উদ্বোধন করে মন্ত্রী বলেন, এই ট্রেনটি দেহরাদুন এবং কাঠগুদামের মধ্যে দু'টি পর্যটন সমৃদ্ধ শহরের মধ্যে সংযোগ সাধন করবে। এই নতুন ট্রেন চালু হওয়ার পরে ওই অঞ্চলের উন্নয়ন ঘটবে বলে মনে করা হচ্ছে। এছাড়া নিয়মিত যাত্রীদেরও সাহায্য করবে এই ট্রেন। মন্ত্রী উত্তরাখণ্ডের মানুষকে এই নতুন ট্রেন পরিষেবা চালু হওয়ার জন্য অভিনন্দন জানিয়েছেন। ট্রেনটির স্টপেজ হয়েছে হলদোয়ানি, লালকুঁয়া, রুদ্রপুর সহ রামপুর, মোরাদাবাদ, নাজিবাবাদ এবং হরিদ্বার।

মেজর গগৈয়ের বিরুদ্ধে শৃঙ্খলাভঙ্গের অভিযোগে ব্যবস্থা গ্রহণ

নয়াদিল্লি/শ্রীনগর, ২৭ আগস্ট : সেনাবাহিনীর কোর্ট অফ এনকোয়ারি মেজর লিতুল গগৈ-এর বিরুদ্ধে শৃঙ্খলাভঙ্গের অভিযোগে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিল। তাঁকে আপাতত ডিউটি থেকে সরিয়ে রাখা এবং কোনও অভিযানে যেতে না দেওয়ার নির্দেশও দেওয়া হয়েছে। প্রসঙ্গত, গত ২৩ মে শ্রীনগরের একটি হোটেল থেকে এক মহিলার সঙ্গে মেজর গগৈকে জম্মু-কাশ্মীর পুলিশ আটক করে।

ওয়েবসল এনার্জি সিস্টেম লিমিটেড
CIN:L29307WB1990PLC048350
রেজি অফিস : ৪৮, প্রমথ চৌধুরি সরণী, প্লট নং.৮৪৯, ব্লক-পি, তৃতীয় তল, কলকাতা-৭০০০৫৩, নিউ আলিপুর,
ফোন: (০৩৩)২৪০০০৪১৯, ফ্যাক্স : ২৪০০-০৩৭৫,
বাণিজ্যিক অফিস ও কারখানা : সেক্টর-II–ফলতা স্পেশাল ইকোনমিক জোন, ফলতা, ২৪ পরগনা (দক্ষিণ)
পিন-৭৪৩৫০৪, পশ্চিমবঙ্গ, ভারত,
ফোন নং : ০৩১৭৪-২২২৯৩২, ফ্যাক্স : ০৩১৭৪-২২২৯৩৩
Website: www.webelsolar.com

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে কোম্পানির পরিচালকবর্গের সভা ৩১ আগস্ট ২০১৮ তারিখে অনুষ্ঠিত হবে নিম্নলিখিত বিষয়গুলি পর্যালোচনার জন্য

১. কোম্পানির নতুন বিধিবদ্ধ নিরীক্ষক নিয়োগ। ক্ষেত্রীয় রেজিস্ট্রেশন অনুসারে শেষ নিরীক্ষক টি মোর অ্যান্ড কোম্পানি কনক্লুশন অফ ইনস্যুইং বার্ষিক সাধারণ সভার বৈঠকে। ২০১৩ সালের কোম্পানি আইনের ১১৫ ধারা অনুসারে জি পি আগরওয়াল অ্যান্ড কোম্পানি চাটার্ড অ্যাকাউন্ট্যান্টস (এফআরএন ৩০২০৮২ই) অনুসারে বিধিবদ্ধ নিরীক্ষকের বার্ষিক সাধারণ সভার বৈঠকে পদত্যাগপত্র গৃহীত হয়েছে শেষ নিরীক্ষক মেসার্স পি মোর অ্যান্ড কোম্পানির থেকে।

২. কোম্পানির পরিচালকমণ্ডলীর রিপোর্ট অ্যানেক্সচার অনুসারে অনুমোদন করা হয়েছে।

উক্ত তথ্য এবং পরিসংখ্যান আপনাদের জ্ঞাতার্থে জানানো হচ্ছে।

ওয়েবসল এনার্জি সিস্টেম লিমিটেডের পক্ষে
স্বাঃ/সীমা ঝুনঝুনওয়ালা
স্থান : কলকাতা
ডিরেক্টর
তারিখ : ২৫.৮.২০১৮

নিধান কমার্শিয়াল কোং লিমিটেড
রেজি অফিস : ৯৭, পার্ক স্ট্রিট, ষষ্ঠ তল
কলকাতা-৭০০০১৬
ফোন: (০৩৩)-৩৩২২২৬ ৭৩৭৬
E-mail: ncc_l@hotmail.com.
Website: www.nidhanltd.com
CIN: L36911WB1982PLC034794

জনস্বার্থে বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে রেগুলেশন ৬, ৭ এবং অন্যান্য কার্যকরী রেগুলেশন যদি কিছু থাকে সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (ডিলিস্টিং অফ ইক্যুইটি শেয়ারস) রেগুলেশন ২০০৯(এখানে ডিলিস্টিং রেগুলেশনস বলে উল্লেখিত) ইক্যুইটি শেয়ারহোল্ডাররা নিধান কমার্শিয়াল কোম্পানি লিমিটেড (এখানে কোম্পানি বলে উল্লেখিত) স্বেচ্ছায় দি কলকাতা স্টক এক্সচেঞ্জ লিমিটেড থেকে (সিএসই) শেয়ার ডিলিস্টিংয়ের সিদ্ধান্ত নিয়েছে। বিগত কয়েক বছর ধরে সিএসই-তে শেয়ার লেনদেন অকার্যকারী অবস্থায় রয়েছে বিনিয়োগকারীদের ক্ষেত্রে। কোম্পানির পরিচালকমণ্ডলীর ৯ আগস্ট, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভায় সিএসই থেকে শেয়ার ডিলিস্টিংয়ের সিদ্ধান্ত গ্রহণ করেছে। কোম্পানি অবশ্য তার শেয়ার মেট্রোপলিটন স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (এমএসইআই)তে নথিভুক্ত রাখছে এবং অন্যান্য জাতীয় ব্যবসায়িক টার্মিনালের স্টক এক্সচেঞ্জে শেয়ার নথিভুক্ত থাকবে।

বোর্ডের আদেশানুসারে
নিধান কমার্শিয়াল কোম্পানি লিমিটেড-এর পক্ষে
স্বাঃ/- সুরেন্দ্র কুমার দুগার
স্থান : কলকাতা
ডিরেক্টর
তারিখ : ২৭.৮.২০১৮
(DIN-00242241)

UNISHIRE URBAN INFRA LIMITED
CIN: L67190WB1991PLC051507
Registered Office: 13/1A GOVERNMENT PLACE (EAST), TOP FLOOR, KOLKATA-700069
Tel: 033 2534 9061; Email: info@unishire.com

NOTICE OF ANNUAL GENERAL MEETING (AGM)

Notice is hereby given that the 27th Annual General Meeting of the Members of the Company will be held on Monday, the 24th day of September, 2018 at 13/1A Government Place(East), Top Floor, Kolkata-700069 at 11: 00 AM to transact the business as per the Notice of AGM.

The Register of Members and Share Transfer Books of the Company will remain closed from 18th September 2018 to 24th September 2018 (both days inclusive) for such purpose in terms of Section 91 of the Companies Act, 2013.

Annual Report 2017-18 and Notice (containing proxy form and map of venue) along with Attendance Slip convening the said AGM together with instructions for e-voting has already been dispatched to the Shareholders of the Company through email or in physical (as the case may be), and the same is also available at the website of the Company www.unishire.com.

The Shareholders desiring to receive the notice together with Annual Report in paper mode are requested to write to the RTA. The shareholders are requested to register their email address and change therein from time to time by writing to RTA /Depository.

In terms of Section 108 of the Companies Act 2013, Rule 20 of Companies (Management and Administration) amended Rules 2015, and Regulation 44 of SEBI LODR Regulations, 2015, the Company has arranged facilities for members to exercise their rights to vote on the resolution proposed to be considered at the said AGM may be transacted by casting of votes by the members using electronic voting system from a place other than that of the venue of the aforesaid AGM (remote e-voting) which will be managed by Central Depository Services (India) Ltd. (CDSL).

The remote e-voting will commence on Thursday, Sept 20th, 2018 (9.00 AM) and will end on Saturday, Sept 22nd, 2018 (5.00 pm). During the e-voting period, members of the Company, holding shares either in physical form or dematerialized form, as on the cut-off date, i.e. 17th September 2018, will be eligible to cast their vote electronically. Detailed instructions pertaining to e-voting, Members may please refer Notes to Notice of the Annual General Meeting. In case of queries or grievances pertaining to the e-voting procedure, Members may get in touch with RTA of the Company.

The facility of voting through Ballot Paper shall also be made available at the AGM to the Members. Members, who have not casted their vote by remote e-voting, shall be able to exercise their right to vote at the Meeting through Ballot Paper.

For those members, who have acquired shares after dispatch of AGM Notice; can exercise their voting rights in the same manner as indicated in the Notes to Notice and can ask RTA to provide AGM Notice together with Annual Report and E-voting Ballot Form. In case of postal ballot duly completed forms should reach the Scrutinizer before the date as indicated in the Notice of AGM.

For Queries/grievances related to remote e-voting, members may refer to the following person -

Ms. Ishita Tamret, Company Secretary; Address - 13/1A Governemnt Place (East), Top Floor, Kolkata-700 069, Email ID : unishire_urban@yahoo.com; Tel : +91 8023461715.

Place : Kolkata
Date : 27th August 2018
For **Unishire Urban Infra Limited**
Sd/-
Ishita Tamret
Company Secretary

ইন্দো-ইকো (ইন্ডিয়া) লিমিটেড

CIN:L51909WB1983PLC036102
রেজি অফিস : ৩বি, আলিপুর এভিনিউ, কলকাতা-৭০০০২৭
ফোন: (০৩৩)২২১০৪৬৫১ ফ্যাক্স : (০৩৩)২২৩০৩১১৫
e-mail : indo.jrd@gmail.com

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, কোম্পানির ৩৫ তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) অনুষ্ঠিত হবে ২০১৭-১৮ অর্থবর্ষে বুধবার ২৬ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে দুপুর ১টায়। কোম্পানির রেজিস্টার অফিস ৩বি, আলিপুর এভিনিউ, কলকাতা-৭০০০২৭ ঠিকানায় অনুষ্ঠিত হবে যার ব্যবসায়িক বিজ্ঞপ্তি ১৪ আগস্ট, ২০১৮ তারিখে পাঠিয়ে দেওয়া হবে। শেয়ারহোল্ডারদের কাছে বার্ষিক প্রতিবেদন ২৭ আগস্ট, ২০১৮ তারিখে পাঠিয়ে দেওয়ার কাজ শেষ করেছে।

ক্ষেত্রীয় তালিকাভুক্ত চুক্তির ৪৪ অফ সেবি (ক্ষেত্রীয় দায় এবং ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ এবং ১০৮ ধারা অনুসারে ২০১৩ সালের কোম্পানি আইন অনুসারে সদস্যদের ই-ভোটিংয়ের সুবিধা প্রদান করা হয়েছে ব্যক্তিগতভাবে অথবা ডিমেটেরিলাইডজ ফর্মে যার কাট অফ তারিখ ১৯ সেপ্টেম্বর ২০১৮। শেয়ারহোল্ডারদের ইলেকট্রনিক মেথডে ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটারি লিমিটেড (এনএসডিএল)-এর মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি পাঠিয়ে দেওয়া হয়েছে যা নিম্নরূপ :

১। রিমোট ই-ভোটিং শুরু হবে ২২ সেপ্টেম্বর ২০১৮ তারিখে সকাল ১০টায় (ভারতীয় সময় অনুসারে) এবং শেষ হবে ২৫ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে বিকেল ৫টায়। রিমোট ই-ভোটিং উক্ত তারিখ এবং সময়ের পরে আর প্রদর্শিত হবে না।

২। কাট অফ তারিখ : ১৯ সেপ্টেম্বর ২০১৮

৩। কোনও ব্যক্তি যার কোম্পানির অধিগ্রহণ হিসেবে বিজ্ঞপ্তি কাট অফ তারিখের পরে অর্থাৎ ১৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখের পরে লগিং আইডি পাঠিয়ে দেওয়া হয়েছে এস কে ইনফো সলিউশন প্রাইভেট লিমিটেড যার রেজিস্ট্রারার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ)-এর ঠিকানায় skcdilip@gmail.com অথবা কোম্পানির indo.jrd@gamil.com -এ পাঠাতে পারেন। যে সমস্ত সদস্যরা ইতিমধ্যেই ই-ভোটিংয়ের জন্য এনএসডিএলের মাধ্যমে রেজিস্ট্রার করেছেন তারা ইউজার আইডি এবং পাসওয়ার্ড পাঠাতে অনুরোধ করা হচ্ছে।

৪। ব্যালট পেপারের মাধ্যমে বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তির সুবিধা প্রদান করা হয়েছে এবং সদস্যরা যারা রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে তাদের ভোটাধিকার প্রয়োগ করেননি সেই সমস্ত সদস্যরা পোস্টাল ব্যালটের মাধ্যমে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

৫। একজন সদস্য যিনি বার্ষিক সাধারণ সভায় যোগদানের পূর্বে রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করেছেন সেই সদস্য সভায় যোগ দিতে পারবেন কিন্তু ভোট দিতে পারবেন না।

৬। একজন ব্যক্তি যার নাম রেজিস্ট্রার অফ মেম্বারে বেনিফিসিয়াল ওনার হিসেবে নথিভুক্ত হয়েছে, সেই সমস্ত সদস্যরা তাদের নাম নথিভুক্ত কাট অফ তারিখের পরে, তারা রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে অথবা বার্ষিক সাধারণ সভার বৈঠকে ব্যালট পেপারের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

৭। বার্ষিক সাধারণ সভার বৈঠকের বিজ্ঞপ্তি পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট এবং ই-ভোটিংয়ের ওয়েবসাইট : www.evoting-nsdl.com -এ।

৮। কোম্পানির তরফ থেকে শ্রী সন্তোষ কুমার টেব্রিওয়াল, প্র্যাকটিসিং কোম্পানি সেক্রেটারিকে স্ক্রুটিনাইজার হিসেবে নিযুক্ত করা হয়েছে উক্ত ভোটিং প্রক্রিয়া বার্ষিক সাধারণ সভার বৈঠক সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য।

৯। যদি কোনও জিজ্ঞাস্য থাকে, তাহলে সদস্যরা ই-ভোটিংয়ের মাধ্যমে ফ্রিকোয়েন্টলি আস্কড (এফএকিউএস)-এর মাধ্যমে এবং রিমোট ই-ভোটিং প্রক্রিয়ার মাধ্যমে ইউজার ম্যানুয়ালের ডাউনলোড সেকশন www.evoting-nsdl.com -অথবা শ্রী বিক্রম ঝা, ফোন নম্বর-(০৩৩) ২২৮১ ৪৬৬২/২২৯০ ৪২৬৪ নম্বরে এবং ই-মেল করতে পারেন :.evoting@nsdl.co.in-এ অথবা এনএসডিএলের ই-ভোটিং হেল্পডেস্ক ১৮০০-২২২-৯৯০ নম্বরে ফোন করতে পারেন।

এতদ্বারা আরও বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ২০১৩ সালের কোম্পানি আইনের ৯১ ধারা অনুসারে এর সঙ্গে পঠনীয় রুল ১০ অফ কোম্পানিজ (পরিচালন এবং প্রশাসন) রুলস ২০১৪ অনুসারে এবং রেগুলেশন ৪২ (১) অব দি সেবি (ক্ষেত্রীয় দায় এবং ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে রেজিস্ট্রার অফ মেম্বার অ্যান্ড শেয়ার ট্রান্সফার বুক বন্ধ থাকবে ১৯ সেপ্টেম্বর, ২০১৮ তারিখ থেকে ২৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখ (উভয়দিন সহ) বন্ধ থাকবে ৩৫ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার কারণে।

বোর্ডের আদেশানুসারে
ইন্দো ইকো (ইন্ডিয়া) লিমিটেড-এর পক্ষে
স্থান : কলকাতা
তারিখ : ২৭.৮.২০১৮
স্বাঃ/- প্রদীপ কুমার ড্রোলিয়া
(DIN-00291966)

চলতি বছরে ভারী বৃষ্টিতে দেশজুড়ে মৃত ১০৭৪, দাবি স্বরাষ্ট্রমন্ত্রকের রিপোর্টে

নয়াদিল্লি, ২৭ আগস্ট : কেরলে এ বছর ভয়ঙ্কর বন্যা হয়েছে। ১৪টি জেলার মধ্যে ১৩টি জেলাই বানভাসি। দুর্ভাগ্যজনকভাবে শয়ে শয়ে মানুষের মৃত্যু হয়েছে, হাজার হাজার মানুষ গৃহচ্যুত হয়েছেন। তবে শুধু কেরল নয়, সারা দেশেই চলতি বছরে প্রবল বর্ষণে মৃতের হার দাঁড়িয়েছে ১০৭৪। স্বরাষ্ট্র মন্ত্রকের দেওয়া রিপোর্ট থেকেই একথা জানা গেছে।

মন্ত্রকের রিপোর্টে দাবি করা হয়েছে, চলতি বছরের ২৬ আগস্ট পর্যন্ত প্রবল বর্ষণে সারা দেশে ১০৪৭ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে শুধু কেরলেই মারা গেছেন ৪৪৩ জন। এছাড়া কর্নাটকে ১৬৬ এবং উত্তর প্রদেশে ২১৮, পশ্চিমবঙ্গে ১৯৮ ও অসমে ৪৯ জনের মৃত্যু হয়েছে। এই রিপোর্ট থেকেই জানা গেছে, প্রবল বর্ষণ ও বন্যার কারণে দেশের বিভিন্ন রাজ্যে অসংখ্য ত্রাণ শিবির খোলা হয়েছে। আগস্টের মাঝামাঝি পর্যন্ত ত্রাণ শিবিরগুলিতে আশ্রয় নিয়েছেন ১৭,১৪,৮৬৩ জন মানুষ। জাতীয় বিপর্যয় মোকাবিলাকারী কর্মীরা দিনরাত উদ্ধারকাজ চালাচ্ছেন, বিশেষ করে কেরলে। দিনরাত কঠোর পরিশ্রম করে তাঁরা বহু মানুষকে উদ্ধার করে রাজ্যের বিভিন্ন প্রান্তের ত্রাণ শিবিরগুলিতে নিয়ে গেছেন।

উদ্ধারকাজে ভারতীয় সেনাবাহিনীর তিনটি শাখার ভূমিকাও অনস্বীকার্য। একদিকে যেমন বানভাসি মানুষকে ভয়ঙ্কর সব জায়গা থেকে উদ্ধার করেছেন, সেরকমই কেরল ও অন্যান্য বানভাসি রাজ্যগুলির পুনর্গঠনের কাজও শুরু করে দিয়েছেন। ২৬ আগস্ট পর্যন্ত দেশে বিপুল সংখ্যক মানুষের মৃত্যু হয়েছে বন্যা ও বৃষ্টির কারণে।

কিন্তু বৃষ্টি থামার কোনও লক্ষণ নেই। ভারতীয় মৌসম ভবন তাদের পূর্বাভাসে জানিয়েছে, আগামী ২৪ ঘণ্টায় ওড়িশার বিভিন্ন অংশে ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এছাড়া ঝাড়খণ্ড, দক্ষিণ ছত্তিশগড় এবং বিদর্ভের বিভিন্ন অংশেও আগামী ৪৮ ঘণ্টায় ভারী বৃষ্টি হতে পারে। মৌসম ভবন আরও জানিয়েছে, উত্তর প্রদেশ, হরিয়ানা, চণ্ডীগড়, দিল্লি, পূর্ব রাজস্থান, অসম, মেঘালয়, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম, ত্রিপুরা, গোয়া ও কোঙ্কন উপকূল, মধ্য মহারাষ্ট্র উপকূলবর্তী অন্ধ্রপ্রদেশ, তেলেঙ্গানা এবং উপকূলবর্তী কর্নাটক ও তার দক্ষিণ অংশে আগামী সপ্তাহে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তবে তেলেঙ্গানার কোনও কোনও অংশে এবং উপূকলবর্তী অন্ধ্রপ্রদেশে মাঝারি মাপের বৃষ্টি হতে পারে।

মহারাষ্ট্রের বিভিন্ন অংশে প্রবল বৃষ্টির সম্ভাবনার কথা শুনিয়েছে ভারতীয় মৌসম ভবন। সমুদ্রের অবস্থাও এই সময় উত্তাল হওয়ার কথা। পরিস্থিতি খারাপ হবে বিবেচনা করে মৌসম ভবন পশ্চিমবঙ্গ, ওড়িশা এবং উত্তর অন্ধ্রপ্রদেশে মৎস্যজীবীদের সমুদ্রে মাছ ধরতে যেতে নিষেধ করেছে।